

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, এপ্রিল ২৮, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
www.cabinet.gov.bd

প্রজ্ঞাপন

ঢাকা, ১৩ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ/ ২৬ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

নম্বর- ০৪.০০.০০০০.০০০.৬১১.০৬.০০০১.২৬.৮৬—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার রাজস্ব
নীতি ও রাজস্ব ব্যবস্থাপনা অধ্যাদেশ, ২০২৫ এবং রাজস্ব নীতি ও রাজস্ব ব্যবস্থাপনা (সংশোধন) অধ্যাদেশ,
২০২৫ যাচাই-বাছাইপূর্বক নতুন বিল উত্থাপনের নিমিত্ত সুপারিশ প্রণয়ন কমিটি নিম্নরূপে গঠন করেছে :

১.১। কমিটির গঠন :

(১)	জনাব মোঃ ইসমাইল জবিউল্লাহ মাননীয় উপদেষ্টা, জনপ্রশাসন মন্ত্রণালয়	:	সভাপতি
(২)	জনাব রাশেদ আল মাহমুদ তিতুমীর মাননীয় উপদেষ্টা, অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়	:	সদস্য
(৩)	মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ	:	সদস্য
(৪)	সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়	:	সদস্য
(৫)	সচিব, অর্থ বিভাগ	:	সদস্য
(৬)	সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ	:	সদস্য
(৭)	সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ	:	সদস্য
(৮)	সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয় বিভাগ	:	সদস্য
(৯)	সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ	:	সদস্য-সচিব।

(১৭২৮৭)

মূল্য : টাকা ৪.০০

১.২। কমিটির কার্যপরিধি :

- রাজস্ব নীতি ও রাজস্ব ব্যবস্থাপনা অধ্যাদেশ, ২০২৫ (২০২৫ সনের ২৪নং অধ্যাদেশ) এবং রাজস্ব নীতি ও রাজস্ব ব্যবস্থাপনা (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫ (২০২৫ সনের ৪৬নং অধ্যাদেশ) যাচাই-বাছাইপূর্বক অধিকতর প্রায়োগিক করে নতুন বিল উত্থাপনের সুপারিশ প্রদান।
- ১.৩। অভ্যন্তরীণ সম্পদ বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।
- ১.৪। কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।
- ১.৫। কমিটির সভা প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।
- ২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ হুমায়ুন কবির)

অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)

ফোন: ০২-২২৬৬৪১০০১

e-mail: addl_ce@cabinet.gov.bd